প্রধানমন্ত্রীকে নিয়ে কটুক্তি : বাগেরহাটে ছাত্রলীগের বিক্ষোভ ও আলালের কুশপুত্তলিকা দাহ

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জড়িয়ে বিএনপি নেতা মোয়াজ্জেম হোসেন আলালের অশ্লীল ও কুরুচিপূর্ণ বক্তব্যের প্রতিবাদে বাগেরহাটে বিক্ষোভ মিছিল ও কুশপুত্তলিকা দাহ করেছে ছাত্রলীগ। শুক্রবার বিকালে জেলা ছাত্র লীগের সভাপতি মো: মনির হোসেন ও সাধারণ সম্পাদক নাহিয়ান সুলতান আল ওশানের নেতৃত্বে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। লঞ্চঘাট থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন শেষে রেল রোড জেলা আওয়ামী লীগের কার্যালয়ের সামনে এক সমাবেশে মিলিত হয়।

সমাবেশে জেলা ছাত্র লীগের সভাপতি মো: মনির হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য দেন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বীরমুক্তিযোদ্ধা অ্যাড. ভূইয়া হেমায়েত উদ্দীন।

এসময় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, সদর উপজেলা ছাত্র লীগের সভাপতি জুয়েল হাসান সাদ্দাম, সাধারণ সম্পাদক তারিফ উল ইসলাম পিয়াস, পৌর ছাত্রলীগের সভাপতি উজ্জল সাহা, সাধারণ সম্পাদক রানা সরদার, পিসি কলেজ ছাত্রলীগের সভাপতি ইয়াসির আরাফাত নোমান প্রমুখ। এসময় জেলা ও বিভিন্ন ইউনিট ছাত্রলীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।



প্রতিবাদ সভায় বক্তারা বলেন, ‘প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনাকে নিয়ে বিএনপি নেতা মোয়াজ্জেম হোসেন আলাল যে কুরুচিপূর্ণ বক্তব্যে দিয়েছে তা কোন ভাল মানুষ দিতে পারে না। মোয়াজ্জেম হোসেনের এমন বক্তব্য সরকার ও রাষ্ট্রকে চরম হেয়প্রতিপন্ন করেছে। প্রতিবাদ সভা থেকে মোয়াজ্জেম হোসেন আলালকে দ্রুত গ্রেপ্তারপূর্বক আইনের আওতায় এনে শাস্তির দাবি জানানো হয়।